বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭

(২০১৭ সনের ১০ নং আইন)

Bangladesh Shipping Corporation Order, 1972 রহিতপূর্বক সময়োপযোগী করিয়া উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু Bangladesh Shipping Corporation Order, 1972 (President's Order No. 10 of 1972) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন প্রতিষ্ঠানটির কর্মের ধারাবাহিকতা রক্ষার্থে উহা রহিতপূর্বক সময়োপযোগী করিয়া আইন পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল : -

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

১। (১) এই আইন বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-

(১) 'কর্পোরেশন' অর্থ এই আইনের ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি);

(২) 'চেয়ারম্যান' অর্থ পরিচালনা পর্ষদের চেয়ারম্যান;

(৩) 'নির্বাহী পরিচালক' অর্থ কর্পোরেশনের নির্বাহী পরিচালক;

(৪) 'পরিচালক' অর্থ পরিচালনা পর্ষদের পরিচালক;

(৫) 'পরিচালনা পর্ষদ' অর্থ এই আইনের ধারা ৬ এর অধীন গঠিত পরিচালনা পর্ষদ;

(৬) 'প্রবিধান' অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৭) 'ব্যবস্থাপনা পরিচালক' অর্থ কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক; এবং

(৮) 'বিধি' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি।

কর্পোরেশন প্রতিষ্ঠা

৩। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে Bangladesh Shipping Corporation Order, 1972 (President's Order No. 10 of 1972) এর অধীন প্রতিষ্ঠিত

বাংলাদেশ শিপিং কর্পোরেশন এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) কর্পোরেশন একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে, এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার এবং চুক্তি সম্পাদন করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

কর্পোরেশনের কার্যাবলি

৪। (১) কর্পোরেশনের কার্যাবলি হইবে আন্তর্জাতিক নৌপথে নিরাপদ ও দক্ষ নৌবাণিজ্য সেবা প্রদান এবং আঞ্চলিক সহযোগিতা, বাণিজ্যিক বা ব্যবসায়িক লেনদেন বৃদ্ধি করা এবং ইহা ব্যতীত সরকার কর্তৃক সরকারি গেজেটে জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে কোনো প্রতিষ্ঠান, প্রতিষ্ঠানের স্থাবর ও অস্থাবর সম্পত্তিসমূহ এই সংস্থায় অর্পণ করা হইলে তাহা গ্রহণ ও পরিচালনা করা।

(২) উপ-ধারা (১) এর বিধানের প্রযোজ্যতার ক্ষেত্রে কোনোরূপ ব্যত্যয় না ঘটাইয়া কর্পোরেশন বিশেষভাবে নিম্নরূপ ক্ষমতা সংরক্ষণ করিবে, যথা:-

(ক) জাহাজ অথবা নৌযান অর্জন করা, ভাড়া করা, ভাড়া দেওয়া, দখলে রাখা বা হস্তান্তর করা;

(খ) বাংলাদেশের অভ্যন্তরে অথবা বাহিরে কর্পোরেশনের কার্যপরিধির অন্তর্ভুক্ত ব্যবসায়িক লেনদেনসহ যে কোনো কার্যে নিয়োজিত হওয়া বা কার্যক্রমের জন্য কোনো প্রতিষ্ঠান গড়িয়া তোলা অথবা এইরূপ প্রতিষ্ঠানের সহিত সংযুক্ত হওয়া;

(গ) জাহাজ, নৌযান ও অনুরূপ অন্যান্য যান মেরামত, নির্মাণ, পুনঃসচল বা সংযোজন করা;

(ঘ) জাহাজ, নৌযান ও অনুরূপ অন্যান্য যানের যন্ত্রপাতি, যন্ত্রাংশ উপযোজন এবং যন্ত্রাদি সংযোজন, তৈরি, এবং পুনঃসচলের জন্য মেরামতের কার্য করা;

(ঙ) শিপিং সংশ্লিষ্ট বা ইহার সহযোগী কার্যক্ষেত্রে সম্ভাব্য নিয়োগপ্রার্থী অথবা নিয়োজিত ব্যক্তিবর্গের জন্য নির্দেশনা এবং প্রশিক্ষণের নিমিত্ত কোনো প্রতিষ্ঠান স্থাপন বা স্থাপনের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা;

(চ) যে কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তি অর্জন, উন্নয়ন, সম্প্রসারণ ও দখলে রাখা বা হস্তান্তর করাঃ

তবে শর্ত থাকে যে, সরকারের অনুমোদন ব্যতিরেকে কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তি অর্জন বা হস্তান্তর করা যাইবে না;

(ছ) জাহাজ বা নৌযান মেরামতের জন্য নিজস্ব ওয়ার্কশপ পরিচালনা করা এবং ওয়ার্কশপের মাধ্যমে নিজস্ব জাহাজ এবং প্রয়োজনে দেশি অন্য কোনো জাহাজ বা বিদেশি জাহাজ মেরামত করা;

(জ) নিজস্ব বা যৌথ উদ্যোগ অথবা অন্য কোনো ব্যবস্থাপনায় জাহাজ, জলযান অথবা নৌযান অর্জন এবং এতদ্‌সংশ্লিষ্ট যে কোনো ধরনের ব্যবসা পরিচালনা করা;

(ঝ) দেশের ও বিদেশের বন্দরসমূহে শিপিং এজেন্ট নিয়োগ করা;

(ঞ) কর্পোরেশনের বাণিজ্যিক ও ব্যবসায়িক কার্যক্রম সম্পাদনের জন্য দেশে ও বিদেশে ব্যাংক হিসাব খোলা এবং পরিচালনা করা;

(ট) (ক) হইতে (ঞ) পর্যন্ত দফাসমূহে বর্ণিত কার্যাবলির সহিত সংশ্লিষ্ট অন্যান্য কার্য সম্পাদন করা; এবং

(ঠ) সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা অর্পিত অন্য যে কোনো কার্য সম্পাদন করা।

প্রধান কার্যালয়

৫। (১) কর্পোরেশনের প্রধান কার্যালয় চট্টগ্রামে থাকিবে।

(২) কর্পোরেশন, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের অন্য কোনো স্থানে এবং বিদেশে আঞ্চলিক কার্যালয় স্থাপন করিতে পারিবে।

পরিচালনা পর্ষদ

৬। (১) কর্পোরেশনের একটি পরিচালনা পর্ষদ থাকিবে।

(২) কর্পোরেশনের পরিচালনা পর্ষদ অনধিক ১৩ (তেরো) জন সদস্য সমন্বয়ে নিম্নরূপভাবে গঠিত হইবে, যথা : -

(ক) মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;

(খ) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, পদাধিকারবলে;

(গ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত একজন অন্যূন যুগ্মসচিব;

(ঘ) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন অন্যূন যুগ্মসচিব;

(ঙ) কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক, পদাধিকারবলে;

(চ) কর্পোরেশনের নির্বাহী পরিচালক (অর্থ), পদাধিকারবলে;

(ছ) কর্পোরেশনের নির্বাহী পরিচালক (প্রযুক্তি), পদাধিকারবলে;

(জ) কর্পোরেশনের নির্বাহী পরিচালক (বাণিজ্যিক), পদাধিকারবলে;

(ঝ) উপ-ধারা (৪) এর অধীন শেয়ারহোল্ডারগণের পক্ষ হইতে নির্বাচিত পরিচালক অথবা পরিচালকবৃন্দ; এবং

(ঞ) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক প্রণীত বিধান অনুযায়ী সরকার কর্তৃক মনোনীত অন্যূন একজন স্বতন্ত্র (Independent) পরিচালক।

(৩) কর্পোরেশনের সচিব পরিচালনা পর্ষদের সাচিবিক দায়িত্ব পালন করিবেন।

(৪) কর্পোরেশনের শেয়ার জনসাধারণের নিকট বিক্রয় করা হইলে শেয়ারহোল্ডারগণ নিম্নরূপ শর্তে পরিচালক নির্বাচন করিতে পারিবেন : -

জনসাধারণের শেয়ার মোট পরিশোধিত মূলধনের পরিমাণ -

(ক) ২০% এর ঊর্ধ্বে কিন্তু ৩৪% এর নিম্নে হইলে ১ (এক) জন পরিচালক; এবং

(খ) ৩৪% এর ঊর্ধ্বে হইলে ২ (দুই) জন পরিচালক।

(৫) উপ-ধারা (৪) এর অধীন নির্বাচিত পরিচালকগণ কর্পোরেশনের শেয়ার প্রবিধান এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত বিধানাবলি অনুসারে নির্বাচিত হইবেন।

(৬) শেয়ারহোল্ডারগণের মধ্য হইতে পরিচালক নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট শেয়ারহোল্ডাগণের বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর বিধি অনুসারে প্রয়োজনীয় পরিমাণ শেয়ার থাকিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক মনোনীত বা নিয়োগকৃত পরিচালনা পর্ষদের চেয়ারম্যান, সদস্যবৃন্দ, কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ও নির্বাহী পরিচালকগণের ক্ষেত্রে উল্লিখিত বিধান প্রযোজ্য হইবে না।

(৭) উপ-ধারা (২) এর দফা (ঝ) ও দফা (ঞ) এ উল্লিখিত সদস্যগণ নির্বাচিত বা মনোনীত হইবার তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য দায়িত্ব পালন করিবেন।

পরিচালনা পর্ষদের কার্যাবলি

৭। (১) কর্পোরেশনের কার্যাবলি ও ব্যবসায়িক কর্মকাণ্ডের দিক-নির্দেশনা পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত থাকিবে এবং পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুসারে কর্পোরেশন ইহার কার্যাবলি সম্পাদন করিবে।

(২) পরিচালনা পর্ষদ জনস্বার্থ বিবেচনাপূর্বক বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালককে দিক-নির্দেশনা প্রদান করিবে।

(৩) পরিচালনা পর্ষদ উহার কার্যক্রম পরিচালনার জন্য সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত ও জাতীয় স্বার্থ সম্পর্কিত নীতিমালার নির্দেশনা মানিয়া চলিবে।

ব্যবস্থাপনা পরিচালক এবং নির্বাহী পরিচালকবৃন্দ

৮। (১) সরকার কর্তৃক নির্ধারিত শর্তাধীনে কর্পোরেশনের একজন ব্যবস্থাপনা পরিচালক এবং ন্যূনতম ৩ (তিন) জন ও অনূর্ধ্ব ৭ (সাত) জন নির্বাহী পরিচালক থাকিবে।

(২) ব্যবস্থাপনা পরিচালক কর্পোরেশনের প্রধান নির্বাহী হইবেন।

(৩) ব্যবস্থাপনা পরিচালক ও নির্বাহী পরিচালকগণ কর্পোরেশনের সার্বক্ষণিক কর্মকর্তা হইবেন এবং পরিচালনা পর্ষদ, সময় সময়, তাঁহাদের যেইরূপ নির্দেশনা প্রদান করিবে সেইরূপ কার্যাবলি সম্পাদন এবং দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন অথবা পরিচালনা পর্ষদ কর্তৃক অর্পিত ক্ষমতা প্রয়োগ করিবেন।

নির্বাচিত পরিচালকগণের অযোগ্যতা

৯। কোনো ব্যক্তি নির্বাচিত পরিচালক পদের জন্য উপযুক্ত বলিয়া বিবেচিত হইবেন না অথবা উক্ত পদে অধিষ্ঠিত থাকিবেন না, যদি তিনি -

(ক) বাংলাদেশের প্রাপ্ত বয়স্ক নাগরিক না হন;

(খ) দেউলিয়া ঘোষিত হন বা ইতিপূর্বে কোনো সময়ে দেউলিয়া ঘোষিত হইয়া থাকেন এবং দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করেন;

(গ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক উন্মাদ বা অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;

(ঘ) নৈতিক স্খলনজনিত অথবা ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া ন্যূনতম ২ (দুই) বৎসর কারাদণ্ডে দণ্ডিত হন;

(ঙ) পরিচালনা পর্ষদ কর্তৃক মঞ্জুরকৃত ছুটি ব্যতিরেকে একাদিক্রমে পরিচালনা পর্ষদের তিনটি সভায় অনুপস্থিত থাকেন; এবং

(চ) ন্যূনতম শেয়ারের মালিক না হন।

পরিচালক পদের শূন্যতা

১০। (১) কোনো কারণে নির্বাচিত পরিচালক ব্যতীত অন্যান্য পরিচালকের পদ শূন্য হইলে, উক্ত শূন্য পদে সরকার নূতন পরিচালক মনোনয়ন করিবে এবং নির্বাচিত পরিচালকের পদ শূন্য হইলে শেয়ারহোল্ডারগণ নির্বাচনের মাধ্যমে উক্ত পদ পূরণ করিবে।